



তথ্যবিবরণী

নম্বর-২৪৪

‘আমরা উড্ডয়ন শুরু করে ফেলেছি, নামার সুযোগ নেই-

এসডিজি স্থানীয়করণ বিষয়ক সেমিনারে পরিসংখ্যান সচিব

রাজশাহী; ৩রা বৈশাখ (১৬ এপ্রিল):

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব আলেয়া আক্তার বলেছেন, এসডিজি বাস্তবায়নের ক্ষেত্রে আমরা উড্ডয়ন শুরু করে ফেলেছি, এখন আর নামার সুযোগ নেই। এসডিজি বাস্তবায়নে আমাদের যার যার অংশটুকু সমাপ্ত করতে হবে।

আজ (১৬ এপ্রিল) সকালে রাজশাহী বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষে ‘এসডিজি স্থানীয়করণ’ বিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

পরিসংখ্যান সচিব বলেন, এসডিজি স্থানীয়করণে আমাদের একটি সীমারেখা দিতে হবে যাতে আমরা বুঝতে পারি কোথায় ছিলাম এবং কোথায় পৌঁছাব। প্রত্যেক জেলা ও উপজেলার জন্য এসডিজির ৩৯টি সূচকের অতিরিক্ত যে সূচকটি গ্রহণ করা হয়েছে তার বেজ লাইন সার্ভে থাকতে হবে। স্থানীয় সূচক এখন আর পরিবর্তন না করে বরং সেটার যতটুকু বাস্তবায়ন করা যায় সেদিকে মনোযোগ দিতে হবে।

রাজশাহী বিভাগীয় কমিশনার খন্দকার আজিম আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক মোহাম্মদ মিজানুর রহমান। এসডিজি স্থানীয়করণ বিষয়ে উপস্থাপনা করেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রকল্প পরিচালক মো. মাহাবুর রহমান শেখ, এসডিজি সেলের ফোকাল পয়েন্ট কর্মকর্তা মো. আলমগীর হোসেন এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের প্রফেসর ড. মো. সাবিরজ্জামান।

জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক কারিগরি প্রকল্প এ সেমিনার আয়োজন করে।

উল্লেখ্য যে, এসডিজি স্থানীয়করণ হচ্ছে জাতীয়ভাবে গৃহীত এসডিজির ৩৯টি সূচকের অতিরিক্ত প্রতিটি জেলা ও উপজেলার জন্য গৃহীত স্থানীয় চাহিদাভিত্তিক একটি সূচক। রাজশাহী জেলার জন্য এ সূচকটি হচ্ছে আবাদের অধীন মোট জমির ৬০ শতাংশ বজায় রাখা।

তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/কনক/হালিম/২০২৫/১৭.০০ঘ